## রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২৪-২০২৪৫ শিক্ষাবর্ষে রা.বি. অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং ও কৃষি কলেজ/ইনস্টিটিউট সমূহের বিভিন্ন বিভাগে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি।

স্মারক নং: ৩৩৮০/১৭৫/কপ(পার্ট-৩) তারিখ: ২৮/০৪/২০২৫

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে রা.বি. অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং ও কৃষি কলেজ/ইনস্টিটিউট সমূহে বিভিন্ন বিভাগে **১**ম বর্ষ স্নাতক /স্নাতক(সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউট সমূহে যোগাযোগপূর্বক নিম্নবর্ণিত নিয়মানুসারে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১। ভর্তি প্রক্রিয়া : রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্ব স্ব কলেজ/ইনস্টিটিউট নিজ দায়িত্বে সম্পন্ন করবেন।

২। আবেদন প্রক্রিয়া/পদ্ধতি: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণে কলেজ কর্তৃপক্ষ নিজ দায়িত্বে বিভিন্ন মাধ্যমে প্রচার/প্রচারণা করে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে সনদ ও ট্রান্সক্রিপ্টসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করে আইসিটি সেন্টার, রা.বি.-এর মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৩। আবেদনের সময়সীমা: **আগামী ১মে ২০২৫ তারিখ থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

৪। ভর্তি ফী জমা প্রক্রিয়া: ভর্তি ফী বাবদ এবার **৩৩০/-** টাকা (সার্ভিস চার্জসহ) অতিরিক্ত টাকা যোগ করতে হবে।

**(ক)** ইঞ্জিনিয়ারিং অনুষদের ক্ষেত্রে পূর্বের ফী-র সাথে ৪০৮০ + ৩৩০= ৪৪১০/- টাকা ও

(খ) কৃষি অনুষদের ক্ষেত্রে পূর্বের ফী-র সাথে ১৫৩০ + ৩৩০ = ১৮৬০/- টাকা

প্রত্যেক স্টুডেন্টকে রকেট একাউন্ট নং '৩৯৬' অনলাইন মোবাইলের মাধ্যমে পাঠাতে হবে। Registration Link: https://acsc.ru.ac.bd/affiliate/index.html

৫। মূল ট্রান্সক্রিপ্ট সংরক্ষণ: চূড়ান্তভাবে মনোনীত ভর্তিকৃত শিক্ষার্থীর মূল ট্রান্সক্রিপ্ট **১**ম বর্ষ **১**ম সেমিস্টার পর্যন্ত সংশ্লিষ্ট অধিকর্তার অফিসে জমা রাখতে হবে।

৬। ভর্তির যোগ্যতা: (প্রকৌশল ও কৃষি অনুষদভুক্ত কলেজ/ইনস্টিটিউটে)

(ক) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০২২ ও তৎপরবর্তী বছরের এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(খ) পরীক্ষার্থীকে পদার্থ, রসায়ন ও গণিত/জীববিজ্ঞান বিষয়সহ বিজ্ঞান বিভাগ হতে এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় কৃতকার্য হতে হবে।

(গ) এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ কমপক্ষে জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ **৬.৫০** থাকতে হবে।

(ঘ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/কৃষি/ফিশারীজ/ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স/হেলথ (আই.এইচ.টি, ম্যাটস)/নার্সিং হতে পাশকৃত শিক্ষার্থীদের জন্য ৪.০ স্কেলকে ৫.০ স্কেলে রূপান্তর করে উপরোক্ত যোগ্যতা নির্ধারণ করতে হবে। ডিপ্লোমা পরীক্ষায় জিপিএ ৪.০০ স্কেলে ২.৫ এর কম হলে আবেদন করতে পারবে না।

(ঙ) ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের এইচ.এস.সি./সমমান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ.এস.সি. (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

৭। অতিরিক্ত প্রার্থীর ক্ষেত্রে: আবেদনকারীর সংখ্যা নির্ধারিত আসনের অধিক হলে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট অধিকর্তার তত্ত্বাবধানে কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষ বাছাই প্রক্রিয়ার মাধ্যমে অনুমোদিত আসনে শিক্ষার্থী মনোনয়ন করবেন।

**বি: দ্র: রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধিভুক্ত কলেজ/ইনস্টটিউটে ভর্তির নিয়মাবলী সংশোধন/পরিমার্জন করতে পারবে।**

**স্বাক্ষরিত/-**

প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়।